

এ মাস যেমন যাবে



মেষ

(২১ মার্চ-২০ এপ্রিল)
সামাজিকতা এবং
নতুন পরিকল্পনার
ব্যস্ততা নিয়ে সময়
কাটবে। তবে উদ্বেগ
পুরোপুরি যাবে না।
আশার আলো

দেখলেই দৌড় দেবেন না। ভেবেচিন্তে সিদ্ধান্ত নিন। এমন কথা দেবেন না, যা রাখতে পারবেন না। অসম্ভব কল্পনা করার মাস এটা নয়। বহুদিনের যে পদোন্নতি আটকে ছিল তা এ মাসে কেটে যেতে পারে। পুরনো বন্ধু বা সহযোগী সাহায্যের হাত বাড়াতে পারে। ইনটুইশনকে বিশ্বাস করুন। বিপদ থেকে বেঁচে যাবেন। আয় বুঝে ব্যয় করুন। আর্থিক সমস্যা হতে পারে। সাবধানে যাতায়াত করুন। দুর্ঘটনা ঘটান সমূহ সম্ভাবনা।



বৃষ

(২১ এপ্রিল-২০ মে)
এ মাসটা ক্যারিয়ারের
জন্ম খুব গুরুত্বপূর্ণ।
হেলাফেলার সময়
নেই। নিজের
বিশ্বাসের ওপর আস্থা

রাখুন। অন্যের সাহায্য আশা করবেন না। তবে বড় মুখ করে কর্মক্ষেত্রে নিজের গুণগান করার প্রয়োজন নেই। নীরবে কাজ করুন। কর্মক্ষেত্রে হাওয়া কোন দিকে বয়ে যাচ্ছে বুঝুন। দ্বিতীয় সপ্তাহে ঘটনা নতুন দিকে মোড় নিতে পারে। বাড়িতে সময় দেয়ার চেষ্টা করুন। অর্থ পাওয়ার সম্ভাবনা আছে। সামাজিকতা বৃদ্ধি পাবে। স্বাস্থ্যগত কারণে সংক্ষিপ্ত ছুটি কাটিয়ে আসতে পারেন। মাসের শেষ ভাগে পুরনো কোনো পরিকল্পনা নিয়ে আবারও বসতে হতে পারে। অতীতে যেভাবে ভেবেছিলেন কাজটি সম্ভব, তা হয়তো আর

February 2 0 0 6

Sun	Mon	Tue	Web	Thu	Fri	Sat
			1	2	3	4
5	6	7	8	9	10	11
12	13	14	15	16	17	18
19	20	21	22	23	24	25
26	27	28				

সম্ভব
হবে না।



মিথুন

(২১ মে-২১ জুন)

বহুদিন পর
দীর্ঘমেয়াদি চিন্তার
সুযোগ পাবেন। নতুন
কাজের সঙ্গে সঙ্গে
নতুন পরিকল্পনা ব্যস্ত
থাকবেন।

তাড়াহুড়োর প্রয়োজন নেই। বাস্তবতা বিবেচনা করে এগিয়ে যান। আর্থিক সফলতা পন্ড হতে পারে, যদি অযথা ঝুঁকি নেন। কারো কথায় গলে গিয়ে বা মুগ্ধ হয়ে

টাকা দেয়ার প্রয়োজন নেই।

পড়াশোনা, পরীক্ষা বা

আইনি ক্ষেত্রে বামোলা

শুরু হতে পারে।

উর্ধ্বতন বা

সমসাময়িক

সহযোগীদের

সঙ্গে

মনোমালিন্য

বা বিবাদের

সম্ভাবনা

তীব্র। এ

মাসে আপনি

উদ্যমী থাকায়

অনেক কিছু

করতে চাইবেন।

পরিকল্পনা না

করলে মাসের শেষ

ভাগে সেই উদ্যমটি

বৃথা হয়ে যেতে পারে।



কর্কট

(২১ জুন-২০ জুলাই)

অর্থ, বিনিয়োগ ও খরচ
মাসটিতে তিনটি শব্দই
আপনার জন্য
গুরুত্বপূর্ণ।

বিনিয়োগের নতুন
ক্ষেত্র খুঁজুন ব্যক্তিগত
খরচে মিতব্যয়ী হোন,
মাসের প্রথম সপ্তাহে
কাছের কোনো ব্যক্তি
আপনাকে সাহায্য করতে এগিয়ে
আসবে।

মাসের
শেষ



ভারে কাজের জন্য ভ্রমণের প্রয়োজন হতে পারে। যে কাজটি সহজে হবে ভাবছিলেন, মাসের মাঝামাঝি তাতে সমস্যা দেখা দিতে পারে। সৎ এবং বাস্তববাদী উপদেশগুলো গ্রহণ করুন। মাথা গরম করে বাতিল করে দেয়ার সময় এটা না। মাথা গরম বা আবেগপ্রবণ হয়ে কর্মক্ষেত্রে সিদ্ধান্ত নিলে হিতে বিপরীত হবে। পুরোপুরি ব্যর্থ না হলেও আশাশ্রয় ফলাফল পাবেন না।



সিংহ

(২৪ জুলাই-২৩ আগস্ট)


মাসটিতে আবেগের ছুড়াছড়ি। কর্মক্ষেত্রে ও পারিবারিক জীবনে এবং সহকর্মী ও পরিবারকে সময় দিতে চেষ্টা করুন 'কেন' বা 'কীভাবে' নিয়ে না ভেবে আপনার যা করণীয় তা করুন। তাই বলে মনের ইচ্ছে প্রকাশ থেকে বিরত থাকবেন না। কর্কশ না হয়ে সরাসরি ইচ্ছা ব্যক্ত করুন। যেসব ক্ষেত্রে সময় প্রয়োজন সময় বের করে নিন। না জেনে হুটহাট সিদ্ধান্ত নেয়া বা দেয়া উচিত নয়। অযথা ঝুঁকি বাড়িয়েও লাভ নেই। তাই উল্টোপাল্টা দান থেকে বিরত থাকুন। বসকে রাগানো এই মাসে হবে মারাত্মক ভুল।



কন্যা

(২৪ আগস্ট-২৩ সেপ্টেম্বর)

অতীতের বেশ কিছু বিষয় নিয়ে আপনি চিন্তিত। এগুলোর কোনো কোনোটির নিষ্পত্তি হয়নি। জানতেন এগুলোর ফয়সালা করতে হবে। এতো দিন করেননি। তবে এবার করতে হবে। পরিকল্পনা অনুযায়ী অগ্রসর হোন। আবেগতড়িত হবেন না। কর্মক্ষেত্রে তাহলে বিপর্যয় আসবে। প্রয়োজনে ছুটি নিয়ে ব্যক্তিগত সমস্যার সমাধান করুন। জীবনসঙ্গী বা পরিবারের সঙ্গে আলোচনা জরুরি। মনের কথা খুলে বলুন। কর্মক্ষেত্রে খুঁটিনাটির দিকে নজর দিন। অন্যের ওপর নির্ভর করুন। তবে নিজের যতটুকু কর্তব্য তা ফেলে রাখবেন না। সব ক্ষেত্রে কর্তৃত্ব করা বোকামি হবে। মাসের শুরুতে অর্থ যোগ আছে।



তুলা

(২৪ সেপ্টেম্বর-২৩ অক্টোবর)

পরিবারকে সময় দেয়ার জন্য আদর্শ মাস। নতুন সম্পর্কে জড়িয়ে পড়তে পারেন। খুঁজে পেতে পারেন নতুন বন্ধু। আর্থিক সমস্যা থাকবে না। তবে নতুন বিনিয়োগ বা চাকরির ক্ষেত্রে নিয়ে চিন্তা করুন। ব্যস্ত হবেন না, মাসের শেষ ভাগে

ফেব্রুয়ারি শুভ দিন

মেস : ২, ৩, ১১, ১২, ২১, ২২
বৃষ : ৪, ৫, ১৪, ১৫, ২৩, ২৪
মিথুন : ২, ৬, ৮, ১২ ১৩, ১৬, ১৯, ২৮
কর্কট : ১, ৯, ১০, ১৯, ২৭ ও ২৮
সিংহ : ২, ৩, ১১, ২১, ২২
কন্যা : ৩, ৪, ১২, ১৩, ১৪, ২৩
তুলা : ৬, ৭, ১৬, ১৭, ২৫, ২৬
বৃশ্চিক : ১, ৯, ১৯, ২৭, ২৮
ধনু : ১, ২, ১২, ২৩, ২৭
মকর : ৯, ১৯, ২০
কুম্ভ : ৬, ৭, ১৭, ২৫
মীন : ১০, ১৯, ২০, ২৮

অন্য কাজ ফেলে রাখবেন না। কারণ শেষ সপ্তাহে নতুন কোনো পরিকল্পনায় জড়িয়ে পড়তে পারেন। স্বাস্থ্যের দিকে নজর দিন। প্রয়োজনে ডাক্তার দেখিয়ে ফেলুন। এ মাসে অনেকে বিয়ে বা ডিভোর্সের মতো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেবেন। হ্যাঁ বা না বলার আগে নিজের কাছে বিষয়টি পরিষ্কার কিনা বুঝে দেখুন।



বৃশ্চিক

(২৪ অক্টোবর-২২ নবেম্বর)

মাসটিতে আপনি পরিপক্বতা, শিক্ষা এবং পেশাগত ক্ষেত্রে বিভিন্ন সিদ্ধান্ত নেবেন। একদিকে পারিবারিক সিদ্ধান্ত, অন্যদিকে কেরিয়ার, এমন বিপরীতমুখী অবস্থার মুখোমুখি হতে পারেন। জীবন সঙ্গীর প্রতি খুব সহায়ক ভূমিকা রাখবেন না। পারিবারিক বা আবেগজনিত ব্যাপারে গুরুত্ব দিন। অনিশ্চয়তা রাখলে ভবিষ্যতে জটিলতা আপনি সামলাতে পারবেন না। ভালোভাবে জানুন আপনি জীবনে কি চান। উর্ধ্বতনের সঙ্গে আপনার সম্পর্ক ভালো থাকলে মাসের শেষ ভাগে কর্মক্ষেত্রে সহায়তা পাবেন। সঙ্গীর প্রতি আপনার কমিটমেন্ট বা ভালোবাসার পরীক্ষা হতে পারে এই মাসেই।



ধনু

(২৩ নবেম্বর-২১ ডিসেম্বর)

চারদিকের ঘটনার বেসমাল অবস্থা হবে। সতর্ক নজর রাখুন। সবকিছু বোঝার চেষ্টা করুন। বিনিয়োগ বা খরচের বেলায় সাবধানী হোন। জীবনসঙ্গীর সঙ্গে খোলাখুলি আলাপ করুন। বিপরীত লিঙ্গের সঙ্গে মনোমালিন্য হতে পারে। মাসের মাঝামাঝি বৈরী শক্তি কর্মক্ষেত্রে তৎপর হবে। এমন তথ্যের মুখোমুখি হবেন যা অপ্রত্যাশিত। ঘাবড়ে

যাবেন না। মাসের শেষ সপ্তাহে স্বাস্থ্যের উন্নতি হবে। পারিবারিক অশান্তি বিরাজ করার সম্ভাবনা আছে। ধৈর্যহারা হবেন না।



মকর

(২২ ডিসেম্বর-২০ জানুয়ারি)

আর্থিক প্রয়োজনে ব্যস্ততা বাড়বে আপনার। নতুন কর্মসংস্থান খোঁজার উদ্যোগী হবেন অনেকে। ক্যারিয়ারের কথা ভেবে উদ্বিগ্ন হবেন না। লক্ষ্য স্থির থাকলে আপনার চেয়ে যোগ্য ব্যক্তি পৃথিবীতে নেই। প্রিয়জনকে কিছুটা হলেও প্রতিদিন সময় দিন। না হলে মনোকষ্ট বাড়বে। সামাজিকতা বাড়তে পারে। কর্মক্ষেত্রে বস খুশি হতে পারে মাসের মাঝামাঝি সময়ে। অভিভাবক বা গুরুজনের স্বাস্থ্যজনিত অবস্থা দুশ্চিন্তার কারণ হতে পারে। আর্থিক বিনিয়োগের সফলতা এ মাসে পাবেন না।



কুম্ভ

(২২ জানুয়ারি-১৯ ফেব্রুয়ারি)

শ্রেম বা সাংসারিক ক্ষেত্রে খুশি থাকবেন। সঙ্গী বা সঙ্গিনী বেশ সন্তুষ্ট রাখবে আপনাকে। আপনি অবশ্য তার মতো এতোটা সময় বা নজর দেবেন না। আর্থিক ক্ষেত্রে সামাজিক যোগাযোগ বেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। আয়-ব্যয় দু ক্ষেত্রেই। মাসের শুরুতে দেশে বাইরে যেতে পারেন। কর্মক্ষেত্রে নিয়ে নতুন করে ভাববেন। কিছু বলার আগে বসের সম্পর্কে আগে শুনে নিন। আপনার পরিবার এ মাসে আপনাকে নিয়ে চিন্তিত থাকবে।



মীন

(২০ ফেব্রুয়ারি-২০ মার্চ)

পুরনো সমস্যা মিটিয়ে ফেলুন। আর মিটে থাকলে পাত্তা দেয়ার প্রয়োজন নেই। তাই বলে কোনো চুক্তি বা আইনি জটিলতায় কারণে থাকলে বাদ দেয়ার প্রয়োজন নেই। পুরনো প্রেমের ব্যথা নিয়ে বসে না থেকে নতুন করে প্রেম করুন।

টেলিযোগাযোগ বা মিডিয়ায় যারা কাজ শুরু করেছেন তারা সাফল্য পাবেন ও প্রশংসিত হবেন। নতুন বাড়ি বা ফ্ল্যাটের পরিকল্পনা থাকলে বিনিয়োগ করুন। ছাত্ররা পড়াশোনায় মনোযোগী হোন। এ মাসের ফাঁকি ভবিষ্যতে মারাত্মক ক্ষতির জন্য দেবে।

বিশ্লেষণ : রাশেদ রায়হান